ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ
ষ্টেশন রোড শাখা, চট্টগ্রাম।

অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি।

এতদ্বারা সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাইতেছে যে,জনাব মোহাম্মদ আলী , পিতা - মরহুম জালাল আহমদ, মাতা - শাহাজান বেগম ,প্রোপইটর : মেসার্স গোল্ডেন ফিস ট্রেডার্স , ব্যাবসায়িক ঠিকানা - ৪৩৭/এ ইসলাম ম্যানসন (২য় তলা), সদর ঘাট রোড, চট্টগ্রাম , স্থায়ী ঠিকানা - আলীম উদ্দীনের বাড়ী,গ্রাম খোয়াজ নগর, পোঃ আজিম পাড়া - ৪০০০,থানা - কর্ণফুলী জেলা - চট্টগ্রাম কর্তৃক ইউসিবি ষ্টেশন রোড শাখা, চট্টগ্রাম হইতে গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভূক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আম-মোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ৩০.০৯.২০১৭ ইং তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা মোট ২,০৮,৭৪,৯৪৪.১৭ (দুই কোটি আট লক্ষ চুয়াত্তর হাজার নয় শত চুয়াল্লিশ টাকা সতের পঁয়সা ) টাকা সহ অন্যান্য আনুসাঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি সমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্নবর্ণিত শর্তাদিতে সাদা কাগজে /প্যাডে স্থায়ী ঠিকানা সহ পূর্নাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

<u>বন্ধকী সম্পত্তির তফসিল</u>

১। জেলা - চট্টগ্রাম, থানা - কর্ণফুলী , মৌজা - খোয়াজনগর ,জে এল ১১,আর এস খতিয়ান নং ২৬, ১৫০, ১৫৩ , ১৬১ ,আর এস দাগ নং ৩২১,৩২২, ৩৩০,৩৩৬, ৩৬৬,৩৬৭, ৩৬৯,৩৮১, ৩৮২,৩৮৩, ৩৮৪,৩৮৫, ৩৮৬, বি এস খতিয়ান নং ৮২, ৫৩, ১০৫,১৩৩,২১২,৮৩ বি এস দাগ নং ৫৮৪,৫৮৮, ৫৯৭, ৫৮১,৭৬৯, ৭৭০,৭৬৮, ৭৭১,৭৭২, ৭৭৩, ৭৬৫, ৭৮০,৭৮১, ৭৮২,৭৮৩, ৭৮৪,৭৮৫ আপোস চিহ্নিত মতে দখল আর এস খতিয়ান নং ২৬,আর এস দাগ নং ৩৮৫ এবং ৩৮৬ ,বি এস খতিয়ান নং ১০৫ এবং ২১২,বি এস দাগ নং ৭৬৯,৭৭০ এবং ৭৭১ নামজারী খতিয়ান নং ১২৩৭ বি এস দাগ নং ৭৬৯ সম্পত্তির পরিমান ০.১৪ একর বা ১৪ ডেসিমেল এবং বি এস দাগ নং ৭৭০ সম্পত্তির পরিমান ০.০৬ একর বা ৬.০০ ডেসিমেল সর্বমোট ২০.০০ ডেসিমেল। আর এস খতিয়ান নং ২৬ , আর এস দাগ নং ৩৮৭,বি এস খতিয়ান নং ১০৫,সাবেক নামজারী খতিয়ান নং ১২৪৪ বর্তমান নামজারী খতিয়ান ১৩১৪ ,বি এস দাগ নং ৭৬৮ সম্পত্তির পরিমান ০.০৭৫ একর বা ৭.৫০ ডেসিমেল ভূমি সহ তদস্থিত এক তলা ইমারত। সর্বমোট (২০.০০ + ৭.৫০) ডেসিমেল = ২৭.৫০ ডেসিমেল ভূমি সহ তদস্থিত এক তলা ইমারত।

২। জেলা - চট্টগ্রাম, থানা - কর্ণফুলী , মৌজা - খোয়াজ নগর,জে এল নং ১১, আর এস খতিযান নং ১৫৩, ২৬, ১১৯,১৪০,১৫০ আর এস দাগ নং ৩৭৮,৩৭৯,৩২২,৩২৪, ৩২৯,৩৩৪,৩৮৪, ৩৮৬, ৩৭৭, ৩৭৫, ৪০১,৩৮২, ৩৮৮, ৩৮০ বি এস খতিয়ান নং ৫৩, বি এস দাগ নং ৫৮৪,৫৮৩, ৫৮৫, ৫৮৭, ৫৮৮, ৫৯৬, ৫৯৭, ৫৯৮ বি এস নামজারী খতিয়ান নং ১৫৭৯, বি এস দাগ নং ৫৮৪ আপোস চিহ্নিত মতে দখল আর এস দাগ নং ৩৭৯, বি এস দাগ নং ৫৮৪ সম্পত্তির পরিমান ৮.০০ ডেসিমেল।

৩। জেলা - চট্টগ্রাম, থানা - কর্ণফুলী , মৌজা - চরলক্ষ্যা, জে এল নং ১৩, আর এস খতিযান নং ২২০৩, আর এস দাগ নং ১৫৮৭, বি এস খতিয়ান নং ২৩২, বি এস দাগ নং ২০৮৭, বি এস নামজারী খতিয়ান নং ৫২৪৭, বি এস দাগ নং ২০৮৭ সম্পত্তির পরিমান ৯.০০ ডেসিমেল।

# নিলামের শর্তাবলী

১। আগামী ১৩.১১.২০১৭ ইং তারিখ বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ ষ্টেশন রোড শাখা, চট্টগ্রাম এ রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিষ্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।

২। প্রত্যেক দরপত্র দাতাকে উদ্বৃত দর অনুর্ধ ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫ % এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমান টাকার ব্যাংক ড্রাফট বা পে - অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কর্মাশিয়াল ব্যাংক লি:, ষ্টেশন রোড শাখা,চট্টগ্রাম এর অনুকুলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

৩। অনুর্ধ ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকার উদ্বৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে,১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকা উদ্বৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্বৃত দর গৃহীত হইবার পরবতী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশাধ করিতে হইবে তাহা করিতে ব্যার্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।

৪। দরদাতাগণ তফসিলভূক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তি জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন,তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহণযোগ্য হইবে না।

৫। দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন ।

৬। ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকুলে নিলামকৃত সম্পত্তি রেজিষ্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিষ্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন -রেজিষ্ট্রেশন ফি, ষ্ট্রাম্প ডিউটি,বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা সরকারী,স্বায়ত্বশাষিত প্রতিষ্টানের যথা চট্টগ্রাম উন্নায়ন কর্তৃপক্ষ,সিটি কর্পোরেশন / পৌরসভা ,ওয়াসা,পি.ডি.বি/পল্লীবিদ্যুৎ,গ্যাস সরবরাহকারী প্রতিষ্টান,ভূমিকর ইত্যাদি সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা সফল দরদাতাকেই বহন করিতে হইবে।

৭। দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার,প্রকার,অবস্থান,স্বত্ব,স্বত্বের দলিল ইত্যাদি সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহনযোগ্য হইবে না।

৮। দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

৯। ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষন করিবেন।

ব্যাবস্থাপক, ইউসিবি, ষ্টেশন রোড শাখা,চট্টগ্রাম।